


নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ-২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ অফিসের ১(এক)টি সেকশন অফিসার (রিপোর্টিং)-এর শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে স্নাতক (সম্মান)সহ মাস্টার্স পাশ হতে হবে। প্রার্থীকে কোনো সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংযোগ অফিসে চাকুরী অথবা গণমাধ্যমে রিপোর্টার হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজিতে স্বাধীনভাবে প্রেস রিলিজ তৈরি, ডাটাবেজ, ইন্টারনেট, ওয়ার্ড প্রসেসিং এবং প্রকাশনার ক্ষেত্রে দক্ষ ও পারদর্শী হতে হবে। শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি সমমানের জিপিএ/সিজিপিএ পেয়ে উত্তীর্ণ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৭-০২-২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। কোনো প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।


৫/২/২০২০